



পদ্মায় বাসডুবি: মৃতের সংখ্যা ২৪, উদ্ধার অভিযান চলছে



সংগৃহীত ছবি

পদ্মা নদীতে বাসডুবির ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৪ জনে। রাজবাড়ীর দৌলতদিয়া ফেরিঘাট এলাকায় ঘটে যাওয়া এ দুর্ঘটনায় ফায়ার সার্ভিস এখন পর্যন্ত ২৪টি মরদেহ উদ্ধার করেছে। এর মধ্যে ২২ জনের মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার (২৬ মার্চ) সকালে সংশ্লিষ্ট সূত্র এ তথ্য নিশ্চিত করে। সকাল থেকে আবারও উদ্ধার তৎপরতা শুরু করেছে ফায়ার সার্ভিসের ডুবুরি দল।

এর আগে বুধবার (২৫ মার্চ) বিকেল সাড়ে ৫টার দিকে দৌলতদিয়ার ৩ নম্বর ফেরিঘাটে নিয়ন্ত্রণ হারিয়ে একটি যাত্রীবাহী বাস পদ্মা নদীতে পড়ে যায়। প্রত্যক্ষদর্শীদের ভাষা অনুযায়ী, বাসটি ডুবে যাওয়ার সময় স্থানীয়দের সহায়তায় কয়েকজন যাত্রী সাঁতরে তীরে উঠতে সক্ষম হন, তবে অনেকে নদীতে তলিয়ে যান।

খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজে অংশ নেয় উদ্ধারকারী জাহাজ 'হামজা', ফায়ার সার্ভিস, পুলিশ, কোস্ট গার্ড এবং সেনাবাহিনী।

এদিকে, দুর্ঘটনার কারণ অনুসন্ধানে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে প্রধান করে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সদস্য সচিব করে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে রাজবাড়ী জেলা প্রশাসন। কমিটিকে ঘটনাস্থল পরিদর্শন করে তিন কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।